দৈনিক
আমাদের সময়

তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ২ কলাম ২

# পরীক্ষার্থীদের সতর্ক থাকার নির্দেশ ঢাবি উপাচার্যের

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●**
ডিজিটাল জালিয়াতি ঠেকাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষার হলে মুখমণ্ডল ও কান খোলা রাখার নির্দেশ দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। তিনি বলেছেন, প্রবেশপত্রে ব্যবহার করা ছবির মতো পরীক্ষার হলেও মুখমণ্ডল, কান খোলা রাখতে হবে। যাতে পরীক্ষা চলাকালে কানে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে না পারে।

বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে আজ শুক্রবার। এ উপলক্ষে গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অফিসসংলগ্ন অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক সংবাদ সম্মেলনে উপাচার্য এ তথ্য জানান। এর আগে তিনি ভর্তি পরীক্ষার সার্বিক দিক নিয়ে লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সমন্বয়ক অধ্যাপক হাসিবুর রশিদ, কলা অনুষদের ডিন অধ্যাপক আবু মো. দেলোয়ার হোসেন এবং বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক নূরে-ই ইসলাম উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে তিনি বলেন, এবার 'গ' ইউনিটের ১ হাজার ২ শত ৫০ আসনের বিপরীতে ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ২৯ হাজার ৩১১ জন, যা প্রতি আসনের বিপরীতে প্রায় ২৪ জন।